



## আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর একটি সাবসিডিয়ারি প্রতিষ্ঠান  
ঢাকা স্টক এক্সচেঞ্জ লি. ট্রেক নং-১২৯, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লি. ট্রেক নং-৭১  
প্রধান কার্যালয়ঃ গ্রীণ সিটি এজ্ (৮ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।  
ফোন নং ৮৩০০৪৬১-৬২

ই-মেইল: [istclbd@gmail.com](mailto:istclbd@gmail.com) ওয়েবসাইট: [www.istcl.com.bd](http://www.istcl.com.bd)

### বিও অ্যাকাউন্ট নবায়ন ও তথ্যাদি হালনাগাদ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড (আইএসটিসিএল) এর সম্মানিত বিনিয়োগকারীগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থ বছরের জন্য বার্ষিক বি.ও হিসাব নবায়ন ফি বাবদ ৪৫০/= (চারশত পঞ্চাশ) টাকা অফিস চলাকালীন সময়ে আগামী ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে জমা দেওয়ার লক্ষ্যে আইএসটিসিএল এর প্রধান কার্যালয় এবং শাখাসমূহের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে উক্ত ফি পরিশোধে ব্যর্থ হলে সংশ্লিষ্ট বি.ও হিসাবটি কোন প্রকার পূর্ব ঘোষণা ছাড়াই বিএসইসি প্রজ্ঞাপন নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০১-৬৩/১৮৯/প্রশাসন/৭০:-ডিপোজিটরি আইন, ১৯৯৯ (১৯৯৯ সনের ৬নং আইন) অনুযায়ী;

- ক) কোন শেয়ার না থাকলে বিও হিসাবটি বন্ধ হয়ে যাবে।
- খ) শেয়ার থাকলে বিও হিসাবটি স্থগিত রাখা হবে।

উল্লেখ্য, যে সকল বি.ও হিসাবধারীগণের আবশ্যকীয় তথ্য ও উপাত্ত (১৩ ডিজিট ব্যাংক হিসাব, ৯ ডিজিট রাউটিং নাম্বার, মোবাইল নাম্বার, ই-মেইল আইডি, নমিনী, KYC ইত্যাদি) এখনও হালনাগাদ করা হয়নি, তাদের অতি সত্বর আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড (আইএসটিসিএল) এর প্রধান কার্যালয় / শাখা অফিসের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

অনুরোধক্রমে

কর্তৃপক্ষ

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড

